



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৫১/

তারিখঃ /০৯/২০১৭খ্রিঃ

বিষয়ঃ স্ব-পক্ষে লিখিত বক্তব্যসহ সমর্থনীয় কাগজপত্র দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং- বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৫১/১৯১৯/৬; তারিখঃ ০১/০৬/২০১৭

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন সাতক্ষীরা আয়েন উদ্দিন মহিলা আলিম মাদ্রাসার কমিটি সংক্রান্ত রিট পিটিশন নং- ৫০৪/২০১৭ এ প্রদত্ত আদেশ, সংযুক্ত কাগজপত্র ও নথী পর্যালোচনাতে দেখা যায় যে, উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা কর্তৃক সরাসরি বোর্ডে প্রেরিত স্মারক নং- ০৫.৪৪.৮৭৮২.০০১.২৬.০০৫.২০১৫.২০৪; তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০১৬ এর মাধ্যমে একমত পোষন করে সংযুক্ত তদন্ত প্রতিবেদন স্মারক নং- উমাশিবো/সাতঃ সদর/১৬/৩৬; তারিখঃ ০৩/০২/২০১৬খ্রিঃ এর মতামত অংশে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয় যে, “গভার্ণিং বডি গঠনে ভোটার তালিকা ত্রুটিপূর্ণ এবং ভোটার তালিকা প্রণয়নের ক্ষেত্রে কারসাজির আশ্রয় নেওয়া হয়েছে। গভার্ণিং বডির সদস্য কো-অপ্ট করার ক্ষেত্রে মাদ্রাসা বোর্ডের অনুমতি দেওয়ার প্রয়োজন ছিল, যা নেওয়া হয়নি। ফলে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং সভাপতি যোগসাজসে বোর্ড কর্তৃক জারিকৃত নির্দেশ অমান্য করে অদক্ষতা ও অব্যবস্থাপনার পরিচয় দিয়েছেন। বিধি মোতাবেক গভার্ণিং বডি গঠন করা হয়নি বলে তদন্তে প্রতীয়মান হয়েছে” মর্মে উল্লেখ করেন।

পক্ষান্তরে হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৫০৪/২০১৭ এর সংযুক্ত E-Series একই উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ জয়নাল আবেদীন কর্তৃক ২৭/০৩/২০১৬ ইং তারিখে নোটিশ দিয়ে ৩০/০৩/২০১৬ইং তারিখে তদন্ত করে একই তারিখে অসামঞ্জস্য প্রতিবেদন জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর প্রেরণ করেন, যাহা কখনও বোর্ডে প্রেরিত/অবগত করা হয় নাই।

বোর্ড থেকে স্মারক নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৫১/১০৭০ তারিখঃ ০৬/০৩/২০১৬ মোতাবেক কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানো নোটিশের জবাবে (১৮/০৪/২০১৬ ইং স্বাক্ষরিত ও ২৪/০৪/২০১৬খ্রিঃ তারিখে দাখিলকৃত) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোঃ মনিরুজ্জামান বর্ণিত তদন্ত প্রতিবেদন ৩০/০৩/২০১৬ইং তারিখের বিষয়ে কোনরূপ উল্লেখ না করায় উক্তরূপ তদন্ত প্রতিবেদনের বিষয়ে সন্দেহের উদ্রেক হয়। কারণ দর্শাও নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় স্মারক নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৫১/১১৪৯ তারিখঃ ২০/০৪/২০১৬খ্রিঃ তারিখে কমিটি ভেঙ্গে দিয়ে এডহক কমিটির জন্য আবেদন করতে বলা হয়। একই বিষয়ে পুনরায় স্মারক নং- বামাশিবো/প্রশা/১৬৮৩/২/নথি নং- সাতক্ষীরা-৫১ তারিখঃ ২৭/০৯/২০১৬ মোতাবেক পত্র দিয়ে গভার্ণিং বডি গঠন প্রক্রিয়া বিধি সম্মত না হওয়ায় ও বিষয়টি তদন্তে প্রমানিত হওয়ায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের আবেদন বিবেচনা করার কোন সুযোগ নেই। মাদ্রাসার দৈনন্দিন কার্যক্রম পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হয়।

মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক বোর্ডে দাখিলকৃত ১৮/০৮/২০১৬ মোতাবেক গভার্ণিং বডি অনুমোদনের আইনগত সুযোগ নেই মর্মে জানিয়ে দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা কর্তৃক ০৭/০২/২০১৬ স্মারক নং- ০৫.৪৪.৮৭৮২.০০১.২৬.০০৫.২০১৫.২০৪ ও সংযুক্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর স্মারক নং-উমাশিকা/সাতঃ সদর/১৬/৩৬; তারিখঃ ০৩/০২/২০১৬ এর মাধ্যমে বোর্ডে প্রেরিত তদন্ত প্রতিবেদনে বর্ণিত অনিয়ম, কারসাজি, অদক্ষতা ও অব্যবস্থাপনা ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক ১৮/০৪/২০১৬খ্রিঃ তারিখে বোর্ডে দাখিলকৃত কারণ দর্শানো নোটিশের জবাবে প্রকৃত তথ্য গোপন করার বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দেওয়ার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ সে ব্যাখ্যা প্রদান করেছেন, তা অসামঞ্জস্যপূর্ণ বক্তব্য মর্মে বোর্ডের নিকট প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে আনীত বিভিন্ন অনিয়ম ও অভিযোগ সম্বলিত ২৪/০৪/২০১৭ খ্রিঃ তারিখের আবেদনের বিষয়ে তাঁর সুস্পষ্ট লিখিত বক্তব্যসহ সমর্থনীয় কাগজপত্র জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ মনিরুজ্জামান, ভারপ্রাপ্ত অধ্যক্ষ
সাতক্ষীরা আয়েন উদ্দিন মহিলা আলিম মাদ্রাসা, ডাকঘর- বাকাল, সদর, সাতক্ষীরা

নং- বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৫১/ ২০২১/৬

তারিখঃ ২১/০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা
৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
৪. সভাপতি, সাতক্ষীরা আয়েন উদ্দিন মহিলা আলিম মাদ্রাসা, ডাকঘর- বাকাল, সদর, সাতক্ষীরা
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪